রেজিস্টার্ড নং ডি এ-১

# বাংলাদেশ গেজেট

**অতিরিক্ত সংখ্যা**

**কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত**

**মঙ্গলবার, জুন ১৩, ১৯৯৫**

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার

**অর্থ মন্ত্রণালয়**

**অভ্যন্তরীণ সম্পদ বিভাগ**

**জাতীয় রাজস্ব বোর্ড**

**(শুল্ক)**

**বিজ্ঞপ্তি**

তারিখ, ৩০শে জ্যৈষ্ঠ, ১৪০২ বাং/১৩ই জুন, ১৯৯৫ ইং

এস. আর. ও. নং ৮৪-আইন/৯৫/১৬০৪-কাস।—Customs Act, 1969 (IV of 1969) এর section 219(1), উক্ত Act এর THIRD SCHEDULE এর আইটেম ১৭ এর সহিত পঠিতব্য, এ প্রদত্ত ক্ষমতাবলে জাতীয় রাজস্ব বোর্ড Transfer of Residence (Baggage) Rules, 1986 রহিত করিয়া নিম্নরূপ বিধিমালা প্রণয়ন করিল, যথাঃ—

১। **সংক্ষিপ্ত শিরনামা ও প্রয়োগ।**—(১) এই বিধিমালা ট্রান্সফার অফ রেসিডেন্স (Transfer of Residence) (ব্যাগেজ) বিধিমালা, ১৯৯৫ নামে অভিহিত হইবে।

(২) এই বিধিমালা পর্যটক এবং Privileged Persons Baggage Rules, 1985 এর আওতাভুক্ত যাত্রীগণ ব্যতীত সকল যাত্রীর ক্ষেত্রে প্রযোজ্য হইবে।

২। বিষয় বা প্রসংগের পরিপন্থী কিছু না থাকিলে, এই বিধিমালায়—

(ক) "অবচয় মূল্য" অর্থ কোন যাত্রীর বিদেশে ন্যূনতম দুই বৎসর অবস্থানের ক্ষেত্রে আমদানীকৃত দ্রব্য সামগ্রীর প্রকৃত মূল্যের ৪০% ভাগ এবং ন্যূনতম চার বৎসর অবস্থানের ক্ষেত্রে আমদানীকৃত দ্রব্য সামগ্রীর প্রকৃত মূল্যের ৬০% ভাগ;



**মূল্য : টাকা ২·০০**

(খ) "প্রকৃত আবাস স্থানান্তর" অর্থ বিদেশে এক নাগাড়ে ন্যূনতম দুই বৎসর অবস্থানের পর বাংলাদেশে বসবাসের সিদ্ধান্ত গ্রহণকারী কোন যাত্রী বা তাহার পরিবারের অন্যান্য সদস্যগণের ব্যাগেজ এর বাংলাদেশে স্থানান্তরকরণ;

(গ) "পেশাগত দ্রব্য সামগ্রী" অর্থ সংশ্লিষ্ট পেশার কাজে সাধারণভাবে ব্যবহার্য ঐ সকল সহজেই বহনযোগ্য (Portable) দ্রব্য সামগ্রী ও যন্ত্রপাতি যাহা কোন ডাক্তার, দন্ত চিকিৎসক, প্রকৌশলী, স্থপতি, হিসাব-রক্ষক অথবা মিস্ত্রী কর্তৃক তাহার নিজস্ব পেশার কাজে বিদেশে ন্যূনতম দুই বৎসর ব্যবহারের পর অব্যাহতভাবে বাংলাদেশে ব্যবহারের নিমিত্ত আমদানী করা হইয়াছে এবং যাহা বিক্রয়যোগ্য নহে;

(ঘ) "ব্যাগেজ" অর্থ কোন যাত্রীর এমন পরিধেয় অথবা গৃহস্থালী দ্রব্য সামগ্রী যাহা তিনি ন্যূনতম একনাগাড়ে দুই বৎসর বিদেশে অবস্থানকালে ক্রয় এবং ব্যবহার করিয়াছেন এবং নিজের, পরিবারের সদস্য ও আত্মীয়-স্বজনের ব্যবহারের নিমিত্ত আমদানী করিয়াছেন এবং যাহা বিক্রয়যোগ্য নহে;

(ঙ) "ফরম" অর্থ এই বিধিমালার সহিত সংযোজিত ফরম;

(চ) "যাত্রী" অর্থ বিদেশ প্রত্যাগত যাত্রী।

৩। **প্রাপ্য সুবিধাদি**।—বিধি ৬ এ বর্ণিত শর্তাবলী সাপেক্ষে, প্রকৃত আবাস স্থানান্তরের আওতায় একজন যাত্রী বিদেশে ২ (দুই) বৎসর অবস্থানের পর ১,০০,০০০ (এক লক্ষ) টাকা মূল্যের এবং ৪ (চার) বৎসর অবস্থানের পর ১,৫০,০০০ (এক লক্ষ পঞ্চাশ হাজার) টাকা মূল্যের ব্যাগেজ অবচয় মূল্যের উপর প্রচলিত হারে শুল্ক, মূল্য সংযোজন কর ও প্রযোজ্য ক্ষেত্রে সম্পূরক শুল্ক প্রদান করিয়া আমদানী করিতে পারিবেন।

**ব্যাখ্যা**।—এই ক্ষেত্রে যাত্রীর বিদেশে অবস্থানের মেয়াদ গণনাকালে গড়ে প্রতিমাসে ৩ (তিন) দিনের জন্য দেশে তাহার সাময়িক ভ্রমণকালকে বিদেশে অবস্থানের মেয়াদের মধ্যে অন্তর্ভুক্ত করা হইবে।

৪। **অবচয় মূল্যে শুল্কযোগ্য ব্যাগেজের তালিকা**।—বিধি ৩ এ বর্ণিত মূল্যসীমা সাপেক্ষে, একজন যাত্রী কর্তৃক আমদানীকৃত নিম্নবর্ণিত ব্যাগেজ অবচয় মূল্যের উপর প্রচলিত হারে শুল্ক, মূল্য সংযোজন কর ও প্রযোজ্য ক্ষেত্রে সম্পূরক শুল্ক পরিশোধের পর খালাস করা যাইবেঃ

**তালিকা**

টেলিভিশন সেট (সাদা কালো অথবা রঙিন), রেফ্রিজারেটর, ডিপ ফ্রিজার, গৃহস্থালী কুকার ও ওভেন, ওয়াশিং মেশিন, ক্লথড্রায়ার, ডিসওয়াশার, ভি.সি.আর, ভি.সি.পি, সেলাই মেশিন, নিটিং মেশিন, মিউজিক সেন্টার, লেজার ডিস্ক প্লেয়ার/কমপ্যাক্ট ডিস্ক প্লেয়ার, মুভি ক্যামেরা, ভিডিও প্রজেক্টর, সর্ব প্রকার ফ্যান, এয়ার কন্ডিশনার, এয়ারকুলার, টেলিফোনসেট, ভিডিও ক্যাসেট (ফাঁকা অথবা রেকর্ডকৃত), মাইক্রো-কম্পিউটার, ক্রোকারিজ বা তৈজষপত্র, আসবাবপত্র, ওয়ালপেপার, অনধিক ১,০০০ (এক হাজার) টাকা মূল্যের অন্যান্য গৃহস্থালী সামগ্রী, ডিস এন্টেনা এবং স্যাটেলাইট রিসিভার।

৫। **পেশাগত দ্রব্য সামগ্রীর আমদানী সুবিধা**।—এই বিধিমালার আওতায় একজন যাত্রী বিধি ৩ এ উল্লিখিত মূল্য সীমার অতিরিক্ত সর্বোচ্চ ৫০,০০০ (পঞ্চাশ হাজার) টাকার পেশাগত দ্রব্যসামগ্রী শুল্ক, মূল্য সংযোজন কর ও সম্পূরক কর ও সম্পূরক শুল্ক প্রদান ব্যতিরেকেই আমদানী করিতে পারিবেন।

৬। এই বিধিমালার আওতায় প্রযোজ্য সুবিধাদি অর্জনের জন্য শর্তাবলীঃ—

(ক) এই বিধিমালার আওতায় প্রযোজ্য সুবিধাদি গ্রহণের জন্য কোন যাত্রী আবেদন করিলে তাহাকে সহকারী কালেক্টর পদ মর্যাদার নিম্নে নহে এইরূপ শুল্ক কর্মকর্তার নিকট এই বিধিমালার সহিত সংযোজিত ফরমে প্রত্যায়নপূর্বক একটি সঠিক ও নির্ভুল ঘোষণাপত্র প্রদান করিতে হইবে;

(খ) নিজের ও তাহার পরিবারের সকল সদস্যের একত্রে আবাস স্থানান্তর করিবার প্রমাণ হিসাবে যাত্রীকে নিজের, স্বামী/স্ত্রী এবং পরিবারের অন্যান্য সদস্যদের পাসপোর্ট সংশ্লিষ্ট কাস্টম অফিসারের নিকট দাখিল করিতে হইবে;

(গ) এই বিধিমালার আওতায় আমদানীতব্য দ্রব্য সামগ্রী যাত্রীর বিদেশে বসবাসকৃত দেশ হইতে বুকিং করিতে হইবে এবং এই বুকিং যাত্রীর বাংলাদেশে আগমণের ৩০ (ত্রিশ) দিনের মধ্যে সম্পন্ন করিতে হইবে;

(ঘ) এই বিধিমালাতে যাহা কিছুই থাকুক না কেন, নির্মাণ সামগ্রী ও ফিক্সচারস, বাথরুম টাইলস্ ও ফিটিংস, বৈদ্যুতিক মোটর, মোটর গাড়ীসহ সকল প্রকার যানবাহন ও উহার যন্ত্রাংশ, অফিস ইকুপমেন্টস, আগ্নেয়াস্ত্র, গোলাবারুদ এবং চলচ্চিত্রে ব্যবহার্য ফিল্ম এই বিধিমালার অধীনে আমদানী করা যাইবে না;

(ঙ) কোন যাত্রী এই বিধিমালার আওতায় প্রযোজ্য সুবিধা গ্রহণের পর বাংলাদেশে অবস্থান করিবার সিদ্ধান্ত পরিবর্তন করিয়া এক বৎসর অবস্থানের পূর্বেই পুনরায় বিদেশে গমণের উদ্যোগ গ্রহণ করিলে তিনি তাহার আমদানীকৃত দ্রব্য সামগ্রীর প্রকৃত মূল্যের উপর প্রচলিত হারে শুল্ক, মূল্য সংযোজন কর ও প্রযোজ্য ক্ষেত্রে সম্পূরক শুল্ক সম্পূর্ণরূপে পরিশোধ করিতে বাধ্য থাকিবেন;

(চ) কোন যাত্রী দ্রব্য সামগ্রী খালাসকালে উপস্থিত থাকিতে পারিবেন না এই হেতুতে তাহার পাসপোর্ট-এ আমদানীতব্য দ্রব্য সামগ্রীর অগ্রীম অন্তর্ভুক্তি করা হইবে না;

(ছ) কোন যাত্রী কর্তৃক নিম্ন বর্ণিত তালিকায় উল্লিখিত দ্রব্য সামগ্রীর একটির অধিক আইটেম আমদানীর ক্ষেত্রে এই বিধিমালার আওতায় অবচয় মূল্যের উপর প্রচলিতহারে শুল্ক, মূল্য সংযোজন কর ও প্রযোজ্য ক্ষেত্রে সম্পূরক শুল্ক পরিশোধের সুবিধা প্রদান করা হইবে নাঃ

### তালিকা

টেলিভিশন সেট (সাদা কালো অথবা রঙিন), রেফ্রিজারেটর, ডিপ ফ্রিজার, গৃহস্থালী কুকার ও ওভেন, ওয়াশিং মেশিন, ক্লথড্রায়ার, ডিসওয়াশার, ভি.সি.আর, ভি.সি.পি, সেলাই মেশিন, নিটিং মেশিন, মিউজিক সেন্টার, লেজার ডিস্ক প্লেয়ার/কমপ্যাক্ট ডিস্ক প্লেয়ার, মুভি ক্যামেরা, ভিডিও প্রজেক্টর, সর্ব প্রকার ফ্যান, এয়ার কন্ডিশনার, এয়ারকুলার, টেলিফোনসেট, ভিডিও ক্যাসেট (ফাঁকা অথবা রেকর্ডকৃত), মাইক্রো-কম্পিউটার, ক্রোকারিজ বা তৈজষপত্র, আসবাবপত্র, ওয়ালপেপার, অনধিক ১,০০০ (এক হাজার) টাকা মূল্যের অন্যান্য গৃহস্থালী সামগ্রী, ডিস এন্টেনা এবং স্যাটেলাইট রিসিভার।

## ফরম

[বিধি ২(ঙ) দ্রষ্টব্য]

(ঘোষণা পত্রের ফরম)

(যাত্রীর ব্যক্তিগত, গৃহস্থালী ও পেশাগত দ্রব্য সামগ্রী খালাসের ব্যাপারে ট্রান্সফার অফ রেসিডেন্স (Transfer of Residence) (ব্যাগেজ) বিধিমালা, ১৯৯৫ এর বিধি ৬(ক) এর আওতায় ঘোষণা প্রদান সংক্রান্ত)।

১। শুল্ক স্টেশন/বন্দর/বিমান বন্দরের নাম

২। আগমণের তারিখ ও ফ্লাইট নং

৩। আমি এই মর্মে ঘোষণা প্রদান করিতেছি যে,

(I) আমি বাংলাদেশের বাহিরে.....................তারিখ হইতে................ তারিখ পর্যন্ত সর্বমোট...................বৎসর............মাস বসবাস করিয়াছি।

(II) আমি আমার আবাস বিদেশ হইতে বাংলাদেশের নিম্ন বর্ণিত কারণে স্থানান্তর করিতেছিঃ

(III) নিম্ন বর্ণিত আমার পরিবারের অন্যান্য সদস্যবর্গ আমার সহিত একত্রে আবাস স্থানান্তর করিতেছেনঃ

| | নাম | পাসপোর্ট নং | সম্পর্ক | আগমণের তারিখ |
|---|---|---|---|---|
| ১। | | | | |
| ২। | | | | |
| ৩। | | | | |
| ৪। | | | | |
| ৫। | | | | |

(IV) নিম্নে বর্ণিত দ্রব্য সামগ্রী/সংযুক্ত তালিকায় বর্ণিত দ্রব্য সামগ্রী আমি আমার ব্যক্তিগত, পরিবারের এবং পেশাগত কাজে বিদেশে কমপক্ষে দুই বৎসর ব্যবহার করিয়াছি এবং উক্ত দ্রব্য সামগ্রী বাংলাদেশে ন্যূনতম এক বৎসর ব্যবহার করিব, যাহা স্বাক্ষরপূর্বক দাখিল করিলামঃ

| ক্রমিক নং। | দ্রব্যসামগ্রীর বর্ণনা | সংখ্যা/পরিমাণ | ক্রয়ের তারিখ ও স্থান। | দ্রব্যসামগ্রী ক্রয়মূল্য |
|---|---|---|---|---|
| ১ | ২ | ৩ | ৪ | ৫ |

১।

২।

৩।

আমার সম্মুখে........................তারিখে উক্ত ঘোষণা প্রদান করা হইল।

যাত্রীর স্বাক্ষর ................
যাত্রীর নাম ................

পাসপোর্ট নং ................

ঠিকানাঃ ................

সীল ও স্বাক্ষর

বর্তমানঃ ................

সহকারী/ডেপুটী কালেক্টর অব কাষ্টম

স্থায়ীঃ ................

তারিখঃ ................

জাতীয় রাজস্ব বোর্ডের আদেশক্রমে,
ডঃ রশিদ-উল-আহসান চৌধুরী
প্রথম সচিব (শুল্ক)।

মোঃ মিজানুর রহমান, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, ঢাকা কর্তৃক মুদ্রিত।
মোঃ আব্দুর রশীদ সরকার, উপ-নিয়ন্ত্রক, বাংলাদেশ ফরমস্ ও প্রকাশনী অফিস, তেজগাঁও, ঢাকা কর্তৃক প্রকাশিত।